

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
.....
এ হলো গায়েবী সংবাদ, যা আমি আপনাকে পাঠিয়ে থাকি। আর আপনি তো তাদের কাছে ছিলেন না, যখন প্রতিযোগিতা করছিল যে, কে প্রতিপালন করবে মারইয়ামকে এবং আপনি তাদের কাছে ছিলেন না, যখন তারা ঝগড়া করছিলো।
সূরা আল ইমরান ৪৪

দৈনিক কীর্তনখালা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
শ্রীশ্রী সিমেন্ট
হাট্টের মজবুত দেয়
সেবা : ০২৯১০০৬৬৬৪৫, ০২৭১১০২৭১০৪



পতিত শৈরাচারের সঙ্গে একটি গোষ্ঠীর মিল দেখা যায় : প্রধানমন্ত্রী
কীর্তনখোলা ডেস্ক
প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, ৫ আগস্ট পতিত শৈরাচার বিদায় নিয়ে যেভাবে ষড়যন্ত্র করছে একটি গোষ্ঠীকে তাদের ২ এর পাতায় দেখুন



রোহিঙ্গা সংকট নিরসন ও শান্তি রক্ষা মিশনে সহযোগিতা জোরদারের আহ্বান
কীর্তনখোলা ডেস্ক
স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী ক্যারল ফ্রো-মেরেজনাইক। ২ এর পাতায় দেখুন



হামের রোগীদের জন্য দায়িত্বরত ডাক্তার-নার্সদের ঈদের ছুটি বাতিল
কীর্তনখোলা ডেস্ক
হামের রোগী ও জরুরি স্বাস্থ্যসেবা সংশ্লিষ্ট ডাক্তার ও নার্সদের ঈদে ছুটি হবে না বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত ২ এর পাতায় দেখুন



‘ভায়োলেন্স’ আমাদের থেকে বেশি কেউ পারবে না, জুলাই অভ্যুত্থানে দেখিয়েছি
কীর্তনখোলা ডেস্ক
বিনাইদহে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারীর ওপর হামলার ঘটনায় জড়িত ২ এর পাতায় দেখুন



বরিশাল-ভাঙ্গা মহাসড়কে ট্রাফিক অব্যবস্থাপনা ঈদে বড় ধরনের দুর্ঘটনার শঙ্কা

পথিক মোন্তফা

দূরপাল্লার বাসের বেপরোয়া গতি, বিপজ্জনক ওভারটেকিং, স্বল্পগতির ট্রি-হুইলার- অটো, ভ্যান, টমটমের যথেষ্ট চলাচল ও মাহাসড়কের পাশে হাটবাজারের কারণে বরিশাল-ভাঙ্গা মহাসড়কে প্রতিদিনের বরষে প্রাণ ঈদকে সামনে রেখে কার্যকরী উদ্যোগ গ্রহণ না করলে আরো বড়ো ধরনের দুর্ঘটনার আশঙ্কা করছেন যাত্রীসাধারণ। বরিশাল-ভাঙ্গা মহাসড়ক,

দক্ষিণাঞ্চলের সাথে দেশের অন্যান্য অঞ্চলের যোগাযোগের একমাত্র মাধ্যম। রাজধানী ঢাকাসহ দেশের উত্তর, উত্তর-পূর্ব, উত্তর-পশ্চিমাঞ্চলসহ বিভিন্ন এলাকা থেকে দেশের সর্বদক্ষিণ কুয়াকাটা সমুদ্র সৈকত, পায়রা সমুদ্রবন্দর পর্যন্ত এই মহাসড়কটি সাধারণ মানুষের যাতায়াত ও আন্যান্য অর্থনৈতিক যোগাযোগের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রতিদিন এই মহাসড়কে চলাছে হাজার হাজার যানবাহন। এই হাজারো দ্রুতগতির দূরপাল্লার যানবাহনের

সাথে একই মহাসড়কে অবৈধভাবে চলাছে আশপাশের এলাকার স্বল্পগতির অটো ভ্যান, অটোরিকশা, টমটম ও অন্যান্য যানবাহন। তারসাথে বেপরোয়া গতির যন্ত্রদানবখাত ভিন্যাকার কুয়াকাটা সমুদ্র সৈকত, পায়রা সমুদ্রবন্দর পর্যন্ত এই মহাসড়কটি সাধারণ মানুষের যাতায়াত ও আন্যান্য অর্থনৈতিক যোগাযোগের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রতিদিন এই মহাসড়কে চলাছে হাজার হাজার যানবাহন। এই হাজারো দ্রুতগতির দূরপাল্লার যানবাহনের

পরিসংখ্যানে দেখা গেছে, বরিশাল-ভাঙ্গা অঞ্চলের ৯২ কিলোমিটার মহাসড়কের প্রস্থতা মাত্র ২৪ ফুট। যা দূরপাল্লার বাস ও ভারী যানবাহন চলাচলের জন্য অত্যন্ত বিপজ্জনক। হিসাব মতে, এই মহাসড়কে গড়ে প্রতিবছর তশতাধিক মানুষের প্রাণ বাজে, যা অত্যন্ত উদ্বেগজনক। যার প্রধান কারণ হিসেবে বিশেষজ্ঞরা উল্লেখ করেন- অপ্রস্থত রাস্তা: বরিশাল থেকে ভাঙ্গা পর্যন্ত ৯৭ কিলোমিটার দূরত্বের এই

মহাসড়কের বেশিরভাগ অংশই মাত্র ২৪ ফুট প্রস্থত, যা ভারী যান চলাচলের জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ। অবৈধ যানবাহন: মহাসড়কে ট্রি-হুইলার, মসিমন, করিনা ও ব্যটারিচালিত রিকশার অবাধ চলাচল। বেপরোয়া গতি: দূরপাল্লার বাসের বেপরোয়া গতি ও প্রতিযোগিতার প্ররোচনা। ঝুঁকিপূর্ণ বাক: মহাসড়কে বেশ কিছু মারাত্মক ও দৃষ্টিহীন বাক রয়েছে যা দুর্ঘটনার ঝুঁকি বাড়ায়। যত্রতত্র স্পিডব্রেকার: অনিয়ন্ত্রিত ২ এর পাতায় দেখুন



ঈদকে সামনে রেখে সড়ক পথে যাতায়াত নির্বিঘ্নে করতে বরিশাল নথুল্লাবাদ এলাকা পরিদর্শন করেন বিভাগীয় কমিশনার খলিলুর রহমান -কীর্তনখোলা

মৃত্যু বেড়ে ৩৯ বরিশালে ক্রমশ ভয়াবহ আকার ধারণ করছে হামের সংক্রমণ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে ক্রমশ ভয়াবহ আকার ধারণ করছে হামের সংক্রমণ। নতুন করে হামের উপসর্গে আক্রান্ত হয়ে শের-ই-বাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালে আরও এক শিশুর মৃত্যু হয়েছে। এ নিয়ে বরিশাল

বিভাগে হাম উপসর্গে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩৯ জনে। এর মধ্যে শেবাচিম হাসপাতালেই মারা গেছে ২৯ জন। শনিবার (২৩ মে) সকালে হাসপাতাল পরিচালকের কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়। মৃত শিশু হলো বরিশালের বাবুগঞ্জ

উপজেলার শহিদুল ইসলামের ৯ মাস বয়সী ছেলে সাজ্জাদ। এর আগে, শুক্রবার রাত সাড়ে ১২টার দিকে হাসপাতালের শিশু ওয়ার্ডে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। হাসপাতাল সূত্রে জানা গেছে, শুক্রবার সকাল সাড়ে ২ এর পাতায় দেখুন



সরকার জনবিচ্ছিন্ন হয়ে ফ্যাসিবাদের দিকে এগোচ্ছে: গোলাম পরওয়ার

কীর্তনখোলা রিপোর্ট

বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, মানুষের বিপুল আশা নিয়ে সরকার এবং সংসদ গঠিত হবে কিন্তু প্রথম অধিবেশনেই জনগণ আশাহত হয়েছে। সরকার জনগণের ভাষা না বুঝে জন আকাজকের বিপরীতে অবস্থান

নিয়েছে তাই জনগণ মন্ত্রীদের দেখে ভুয়া ভুয়া বলে নোশান দিচ্ছে। শনিবার (২৩ মে) বরিশাল মহানগর জামায়াতের উদ্যোগে দুইদিনব্যাপী রুকন তিসির শেষদিনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মিয়া গোলাম পরওয়ার বলেন, "সরকার গণভোটে ৭০ ভাগ জনগণের মতামতকে উপেক্ষা

করে যে রাজনৈতিক সংকট সৃষ্টি করেছে এটা অপ্রয়োজনীয়। রাজনৈতিক সংকট অনেক বেশি হয়ে যাচ্ছে, যার ফলে মন্ত্রী এমপিদের জনগণ থেকে পলাতন হচ্ছে। জনগণের প্রত্যাশার বিপরীতে অবস্থান নেয়ার ফলে সরকার ২ এর পাতায় দেখুন

এক বান্ধবীকে বাঁচাতে গিয়ে পুকুরে ডুবে আরেক বান্ধবীরও মৃত্যু

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালী শহরে পুকুরে ডুবে মোসা, লামিয়া আক্তার (১০) ও মোসা, সোফা মনি (১১) নামে দুই বান্ধবীর মৃত্যু হয়েছে। পরিবারের সদস্যদের ভাষ্যমতে, এক বান্ধবীকে বাঁচাতে গিয়ে আরেক বান্ধবীরও মৃত্যু হয়েছে। শুক্রবার (২২ মে) দুপুর সাড়ে ১২টার দিকে পটুয়াখালী শহরের কালিকাপুর ৯ নম্বর ওয়ার্ডের উকিল বাড়ি সংলগ্ন একটি পুকুরে এ দুর্ঘটনা ঘটে। নিহত লামিয়া ওই এলাকার ভাড়টিয়া জাকির হোসেনের মেয়ে এবং দারুন নাজাত খ্রি-ক্যাডেট নুরানী একাডেমির পঞ্চম শ্রেণির শিক্ষার্থী এবং সোফা মনি কালিকাপুর সালেহীয়া দাখিল মাদরাসার ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থী ও একই এলাকার আবু সুফিয়ানের মেয়ে। স্থানীয় সূত্রে জানা যায়, দুপুরে দুই বান্ধবী একসঙ্গে খেলাধুলা করছিল। খেলতে খেলতে তারা বাড়ির পাশের পুকুরপাড়ে যায়। দীর্ঘক্ষণ পরেও তাদের দেখা না পেয়ে পরিবারের সদস্যরা আশপাশে খোঁজাখুঁজ শুরু করেন। পরে পুকুরপাড়ে ২ এর পাতায় দেখুন

বিশেষ প্রতিবেদক বাংলাদেশ জামায়াতে ইসলামী মুলদাদী উপজেলা শাখার উদ্যোগে ইউনিট প্রতিনিধি সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। শনিবার (২৩ মে) সকাল ১০ টায় বীর মুক্তিযোদ্ধা শহীদ আলতাফ মাহমুদ অভিটোরিয়ামে উপজেলা জামায়াতের আমীর মাওলানা মোঃ আবু ছালেহ এর সভাপতিত্বে ও উপজেলা সেক্রেটারী মাওলানা মোর্শেদ আলম এর সম্বলনায় অনুষ্ঠিত ২ এর পাতায় দেখুন

মেহেন্দিগঞ্জে চোরাই গরু জন্ম আটক ও

নুরে রাব্বি নাঈম, মেহেন্দিগঞ্জ মেহেন্দিগঞ্জ উপজেলার দড়িচর খাজুরিয়া ইউনিয়ন থেকে গোপন সংবাদে ভিত্তিতে বাহুরসহ ২৫ টি চোরাই গরু জন্ম করেন থানা পুলিশ। এ ঘটনায় ৩ জনকে আটক করা হয়েছে। গতকাল ২৩ মার্চ শনিবার দুপুরে মেহেন্দিগঞ্জ থানার ওপি তদন্ত মতিউর রহমানের নেতৃত্বে পুলিশের একটি টেকস দল কলিং অপারেশন চালিয়ে এ ইউনিয়নের বামলের চর এলাকা থেকে চোরাই গরুগুলো জন্ম করতে ২ এর পাতায় দেখুন



বরিশাল মহানগর ছাত্রদলের সভাপতি এনামুল হাসান তাসনিমের পিতার রুহের মাগফেরাত কামনায় দোয়া-মোনাজাতে উপস্থিত মহানগর বিএনপির আহ্বায়ক মনিরুজ্জামান খান ফারুক ও সদস্য সচিব জিয়াউদ্দিন সিকদার জিয়াসহ বিএনপি ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ -কীর্তনখোলা

রামিসাসহ সকল শিশুর হত্যাকারীদের শাস্তির দাবীতে মানববন্ধন

বোরহানউদ্দিন প্রতিনিধি শিশু রামিসাসহ দেশের সকল শিশু হত্যাকারীদের ফাঁসির দাবীতে “এসো নবীন আল্লার পথে” সংগঠনের উদ্যোগে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। ভোলা বোরহানউদ্দিন উপজেলার মনিরাম বাজারে শুক্রবার বিকালে এ মানব বন্ধন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সংগঠনটির সভাপতি ফরোজের সভাপতিতে মানববন্ধনে বক্তব্য রাখেন- টবণী ইউনিয়ন বিএনপির সভাপতি, নেহার উদ্দিন ২ এর পাতায় দেখুন



কোরবানিকে সামনে রেখে বরিশালে ব্যস্ত সময় পার করছেন কামাররা

কীর্তনখোলা রিপোর্ট

পবিত্র কুরবানির ঈদের বাকি আর মাত্র অল্প কয়েকদিন। এরই ধারাবাহিকতায় কুরবানির ঈদকে সামনে রেখে ব্যস্ত সময় পার করছেন বরিশাল নগরীর হাটখোলা এলাকার কামাররা। দিন যতই ঘনিজে আসছে, ততই বাড়ছে তাদের কর্ম ব্যস্ততা। পশুর জবাই থেকে শুরু করে মাংস কাটতে দা-বাঁট, ছুরি, চাপাতি ইত্যাদি সরঞ্জাম তৈরি হচ্ছে কামারপাড়ায়। অনেকে আবার পুরাতন দা-বাঁট, ছুরি-ছোরা, চাপাতি শান (ধার) দিতে আসছেন এখানে। এ বছর কয়লার সংকট ও দাম বাড়ায় বিপাকে পরেছেন কামাররা। বরিশালের হাটখোলার কামারপাড়ায় কয়লার চুলায় দপদপে আগুনে গরম লোহার পিটানোর টুং-টাং শব্দে মুখর হয়ে উঠেছে কামার ২ এর পাতায় দেখুন

কীর্তনখোলা রিপোর্ট পবিত্র কুরবানির ঈদের বাকি আর মাত্র অল্প কয়েকদিন। এরই ধারাবাহিকতায় কুরবানির ঈদকে সামনে রেখে ব্যস্ত সময় পার করছেন বরিশাল নগরীর হাটখোলা এলাকার কামাররা। দিন যতই ঘনিজে আসছে, ততই বাড়ছে তাদের কর্ম ব্যস্ততা। পশুর জবাই থেকে শুরু করে মাংস কাটতে দা-বাঁট, ছুরি, চাপাতি ইত্যাদি সরঞ্জাম তৈরি হচ্ছে কামারপাড়ায়। অনেকে আবার পুরাতন দা-বাঁট, ছুরি-ছোরা, চাপাতি শান (ধার) দিতে আসছেন এখানে। এ বছর কয়লার সংকট ও দাম বাড়ায় বিপাকে পরেছেন কামাররা। বরিশালের হাটখোলার কামারপাড়ায় কয়লার চুলায় দপদপে আগুনে গরম লোহার পিটানোর টুং-টাং শব্দে মুখর হয়ে উঠেছে কামার ২ এর পাতায় দেখুন

বাংলা বিকাশের সাবেক দ্বিজয়ী প্রবন্ধ এবং বাংলাদেশ মন্ত্রিসভা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রকাশের ভিত্তিতে প্রচিতি, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক। সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়সহ বিদ্যেবর প্রধান পরীক্ষক, সরকারি আদেলবাড়ী কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোন্তফা (এমফিল, ইবি)

২য় পাতায়র জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাবে

বুক ডিস্ট্রি সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ সদর রোড, বরিশাল 01716-670945	মজুমদার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি সদর রোড, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি সদর রোড, বরিশাল 01726-074663	হক লাইব্রেরি সদর রোড, বরিশাল 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি সদর রোড, বরিশাল 01717-488083

দৈনিক কীর্তনখালা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **বালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, পটুয়াখালী **জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর **জেলা:** নাঙ্গিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সুদের হার কমানো প্রয়োজন

দীর্ঘ সময় ধরে বাংলাদেশে উচ্চ মূল্যাক্ষীতি বিরাজ করছে, অথচ মানুষের আয় বাড়ছে না। ফলে মানুষের দুর্ভোগ ক্রমেই বাড়ছে। পরিবারের খাদ্যের মান কমছে। পুষ্টির চাহিদা মেটানো যাচ্ছে না। আবার অপুষ্টিজনিত কারণে রোগ-ব্যাধিও বাড়ছে, যা প্রকারান্তরে মানুষকে আরো দরিদ্র করছে এবং মানুষের ক্রয়ক্ষমতা আরো কমাচ্ছে। আর মূল্যাক্ষীতি প্রতিরোধে আমাদের নীতিনির্ধারণকরা বাস্তব ও কার্যকর উদ্যোগ নিতে ব্যর্থ হচ্ছেন। তারা একটিই পদক্ষেপ নিতে পেরেছেন, তা হলো নীতি সুদ হার বাড়িয়ে দেওয়া, যার ফলে ব্যাংকক্ষণের সুদের হার গিয়ে দাঁড়িয়েছে ১৫ থেকে ১৭ শতাংশে। এমন উচ্চ সুদে স্বপ্ন নিয়ে লাভজনকভাবে ব্যবসা পরিচালনা প্রায় অসম্ভব। এটি প্রকারান্তরে মূল্যাক্ষীতি আরো বাড়িয়ে দিয়েছে। কারণ এর ফলে বিনিয়োগ বাধ্যস্ত হ হচ্ছে, উৎপাদন ব্যাহত হচ্ছে, সরবরাহ শৃঙ্খল ব্যাহত হচ্ছে এবং বাজারের ওপর চাপ সৃষ্টি করছে। অন্তর্বর্তী সরকারের দেড় বছরে বাংলাদেশে ব্যাক তিন দফায় নীতি সুদ হার বাড়িয়ে ১০ হাজার করেছ। আর সে কারণে ব্যাংকক্ষণের সুদহার দ্রুত বেড়েছে। অর্থনীতিবিদ ও ব্যবসায়ীরা দেশের ব্যবসা-বাণিজ্য, শিল্প-কারখানায় তার নেতিবাচক প্রভাব ভুলে ধরে ব্যবসার নীতি সুদ হার কমানোর দাবি তুলেছেন। কিন্তু বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর তা আমলেই নেননি। এই সরকারও সেই একই ধারা অবলম্বন করে চলেছে। অথচ বিশ্ব এখন নিম্নমুখী সুদহারের সময়ে প্রবেশ করছে। বিগত এক বছরে উন্নত বিশ্বের সব কেন্দ্রীয় ব্যাংক এবং অনেক উন্নয়নশীল দেশের কেন্দ্রীয় ব্যাংকও নীতি সুদ হার উল্লেখযোগ্য হারে কমিয়েছে। এমনকীজালাদেশের প্রধান দুই প্রতিদ্বন্দী দেশ ভিয়েতনাম ও ইন্দোনেশিয়ানও নীতি সুদ হার ২.৭৫ থেকে ৫.২৫ শতাধারের মধ্যে। বিশ্ব যখন নিম্নমুখী সুদহারের সময়ে, তখন আমাদের এমন কখনোই মনোভাব কেন? প্রকাশিত বিশেষ লেখায় বলা হয়, আওয়ামী সরকার একমাত্র সুদের হার বাড়িয়ে মূল্যাক্ষীতি নিয়ন্ত্রণের কৌশল নিয়েছিল। ইউরোপের অন্তর্বর্তী সরকার এসে সুদের হার আরো বাড়িয়েছে। বিএনপি সরকারও আগের ধারায়ই চলছে। এতে ব্রিটিশ অর্থনীতিবিদ ও কেমব্রিজ ইউনিভার্সিটির অধ্যাপক ক্যারোলিন এলভিসের একটি নিবন্ধ থেকে দেওয়া উদ্ধৃতিতে বলা হয়, একমাত্র সুদের হার বাড়িয়ে কোনোভাবেই মূল্যাক্ষীতি নিয়ন্ত্রণ করা যায় না। কারণ মূল্যাক্ষীতি হওয়ায় ভিন্না ভিন্ন কারণ রয়েছে। ওই সব কারণ একটামাত্র উপায়ে সমাধান সম্ভব নয়। গভ্র ক্ষেত্রম্যারিতে এলপি গ্যাসের ১২ কেজি সিলিন্ডারের দাম ছিল এক হাজার ৩৫৬ টাকা। মধ্যপ্রাচ্য পরিষ্কৃতির কারণে সরকার দুই দফা বাড়িয়ে দাম নির্ধারণ করেছে এক হাজার ৯৪০ টাকা। এমন মূল্যাক্ষীতি সুদহার দিয়ে কি কমানো যাবে? গ্যাস-বিদ্যুতের কারণে উৎপাদন ব্যাহত হচ্ছে, প্রতি ইউনিট উৎপাদন খরচ বেড়ে যাচ্ছে। ডগারের বিপরীতে টাকার অবমূল্যায়ন ও পরিবহন খরচ বেড়ে যাওয়ায় কাঁচামাল আমদানির খরচ বাড়ছে, উৎপাদন ব্যয় বাড়ছে। ফলে মূল্যাক্ষীতিও বাড়ছে। বাণিজ্যব্যবস্থা, গুদামজাতকর অবসুবিধা, সরবরাহ ব্যাহত হওয়া, চাঁদাবাজি, মধ্যস্থত্বভোগীদের উৎপাত, সরকারে নিয়ন্ত্রণের অভাবসহ আরো অনেক দারুণ দাম বাড়ে। গুদ সুদের হার বাড়িয়ে তা নিয়ন্ত্রণ করা যায় না। আমরা আশা করি, সরকার দ্রুত এ ব্যাপারে কার্যকর ব্যস্থা নেবে।

‘ভায়োলেস’ আমাদের থেকে বেশি

ব্যক্তিরের ওক্তবরা (২২ মে) রাতের মধ্যে ফ্রেফতারের দাবি জানিয়েছিলেন দ্রোণের মুখপাত্র আদিসফ মাহমুদ সজীব ভূঁইয়া। তিনি বলেন, ‘প্রতি দ্রোফতার না করা হয়, আপনারা যদি ভায়োলেস (সহিংসতা) বেছে নেন, তাহলে আমাদেরকেও ভায়োলেস বেছে নিতে বাধ্য হতে হবে।’ বিকেলে জাতীয় প্রেসক্লাবে রাজনৈতিক গ্যারান্টি উইনাইটেড শিপার’স বাংলাদেশের (আপ বাংলাদেশ) দুই শাখার নেতাকর্মীরা এনসিপিতে যোগদান উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে একা বলেন তিনি ‘প্রতি দ্রোফতার না করা হই, আপনারা রষ্ট্র পরিচালনায় ব্যর্থ হচ্ছে, কিন্তু তারা প্রতিপক্ষকে দমন-পীড়নের মাধ্যমে মোকাবিলায় একধরনের কৌশল নিচ্ছে। এটা বাংলাদেশের জন্য ভালো কিছু নয় এমন বলে না।’ তিনি বলেন, ‘আমাদের সঙ্গে যদি এটা করতে চান, এই লড়াইটা কোনো রাজনৈতিক দল, নির্দিষ্ট গোষ্ঠী বা আদর্শের সঙ্গে হতে না; এই লড়াইটা হবে পুরো একটি প্রজন্মের আশে। এই এজন্মের সঙ্গে লড়াই করলে জুলটা শেখ হাসিনা প্রজন্মের সঙ্গে। শাপক ওরি, এই জুলটা তাদের রহমান করবেন না। আমাদের সহযোগীদের ওপর যারা হামলা করছেন, ভিডিও ফুটেজ ও ছবিতে সবার পরিচয় এসেছে। আজ রাতের মধ্যে তাদের সবাইকে অবশ্যই ফ্রেফতার করতে হবে। যদি ফ্রেফতার না করা হয়, আপনারা যদি ভায়োলেস বেছে নেন, আমাদেরকেও ভায়োলেস বেছে নিতে বাধ্য হতে হবে।’ এনসিপির এই নেতা আরও বলেন, ‘বিরোধী দল থেকে বারবার সিদ্ধান্ত দেখানো হলেও সরকারি দল ভায়োলেস বেছে নিতে বাধ্য হতে পারে।’ এনসিপির এই নেতা আরও বলেন, ‘বিরোধী দল থেকে বারবার সিদ্ধান্ত দেখানো হলেও সরকারি দল ভায়োলেস চাচ্ছে। আমাদের রক্ত গরম এবং বয়স কম হলেও আমরা বুঝি যে কখন কী করতে হবে, কখন দেশ গড়ার দিকে কাজ করতে হবে। কিন্তু যদি সরকারি দল ভায়োলেস চায়, সেটাকেই একমাত্র রাজনৈতিক হাতিয়ার হিসেবে নিতে চায়, তাহলে এটা যে আমাদের দেশে বেশি কেউ পারবে না, সেটা ২০২৪ সালের গণ-অভ্যুত্থানে আমরা দেখিয়ে দিয়েছি।’ স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের মোকাবেলায় প্রধানমন্ত্রী অথবা রষ্ট্রপতি বলে মনে হয় উল্লেখ করে আদিসফ মাহমুদ বলেন, ‘স্বরাষ্ট্রমন্ত্রী তার দায়িত্ব ঠিকভাবে পালন করছেন না কিংবা করতে তার মনো একধরনের অনীহা দেখা যাচ্ছে।’ এভাবে দেশ চলতে থাকলে বাংলাদেশের জনগণ আমাদের দিকে বাধ্য হবে এই সরকার ও ব্যর্থ রষ্ট্রব্যবস্থার বিরুদ্ধে রাজপথে নেমে আসতে।’ বিএনপি সরকারের বিরুদ্ধে রষ্ট্র পরিচালনায় ব্যর্থতার অভিযোগ তুলে তিনি বলেন, নির্বাচনের পর থেকে খুন, ধর্ষণ ও নাগরিকের নিরাপত্তার সংকট সর্বমাত্রের বেড়েছে। আজ আমাদের মা-বোনরা ঘর থেকে বের হতে ভয় পাচ্ছেন।

হামের রোগীদের জন্য

হায়েন। শনিবার (২৩ মে) সচিবালয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ে এক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের তিনি এ তথ্য জানান। যেসব হাসপাতালে হামে আক্রান্ত শিশুরা ভর্তি আছে, সে হাসপাতালে ঈদের ছুটির মধ্যে চিকিৎসকরা থাকবেন কি না, নাকি ছুটিতে চলে যাবেন- এ প্রশ্নের জবাবে স্বাস্থ্যমন্ত্রী বলেন, থাকবেন ইনশাআল্লাহ। আমরা অলরেডি সার্কেলার দিয়েছি। ধন্যবাদ আপনাকে এটা বলাতে, এটাও আপনারা আশ্বস্ত হতে পারেন, আমরা সর্বতর্ক করছি। হামের রোগী যাদের জরুরি স্বাস্থ্য সেবাতে কোনো জটিলতার, নার্সের ছুটি হবে না। থাকতে হবে। সাংবাদিকদের আরেক প্রশ্নের জবাবে তিনি বলেন, একটা কথা আপনাদেরকে বলি। ভ্যাকসিন নিলেই যে ১০০ পারসেন্ট একটা ব্যাড়া হাম হইবে না, এটা কিন্তু বলা যায় না। স্মল পজ ইজ ফুজি ইনাইটকেটেড, কলেরা ইজ ইনাইটকেটেড, এখন কিন্তু কলেরা হচ্ছে। আপনরা যদি রেসিস্ট্যান্স মারাটা কেউ ক্রস করে যান, পচা-তিতা খাবার খেয়ে যান, তাহলে তো কলেরা হবে। ঠিক একই জিনিস কিন্তু এটা। তিনি আরও বলেন, যদি বেশিভাবে ভাইরাসটা ছড়িয়ে যায়, ক্ষেত্র বিশেষে হতেও পারে। এটা কন্ট্রোল্ড গ্যারান্টি আমি জানি না, এই আ্যাম নট এ স্যারেস্টিস্ট, যার কারণে আমি জানি না। ঈদের সময় মায়েরা যেন আক্রান্ত শিশুদের আত্মীয়-স্বজনের বাড়িতে নিয়ে না যায় সে অনুরোধ জানিয়ে মন্ত্রী বলেন, বাচ্চাগুলো যেন অনেক ভিড় আছে এমন জায়গায়ও নিয়ে না যায়। তিনি বলেন, কারণ এটা হাইলি হোয়াটেড রোগ। এটা তো সংস্পর্শে গেলেই, শ্বাস-প্রশ্বাসে, সৈনিক মানে সংস্পর্শ লাগলে এটা ছড়ায়। কাজেই এটা থেকেও সবার চেষ্টা করতে হবে। তবে বিশেষজ্ঞ ডাক্তাররা প্রেডিক্ট করছেন যে, ফ্রি মিক্সিয়ারে ফলে এ হুইল বাস যান, ট্রেন যান্টা, আত্মীয়-স্বজনের বাড়িতে বেড়াতে যাওয়া, এভাবে যদি হাম রোগীর সংস্পর্শে ভালো মানুষগুলো আসে, সুস্থ বাচ্চাটা, তাহলে স্কেয়ার ইজ এ পসিবিলিটি, একটা সম্ভাবনা থাকবে আকস্মিক বেড়ে যাওয়ার।

রোহিঙ্গা সংকট নিরসন ও শান্তি

শনিবার সচিবালয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর অফিস কক্ষে সৌহার্দ্য ও বন্ধুত্বপূর্ণ পরিবেশে এই সাক্ষাতে দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে দেশের আইনশৃঙ্খলা ও নিরাপত্তা পরিস্থিতি, রোহিঙ্গা সংকট নিরসন, জাতিসংঘ শান্তি রক্ষা মিশনে বাংলাদেশ পুলিশের ক্রমবর্ধমান অংশগ্রহণ, টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়ন, ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধিসহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট ও দ্বিপাক্ষীয় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, সাক্ষাৎকালে মন্ত্রী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অব্যাহ, সুষ্ঠু, নিরপেক্ষ ও উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠানের ক্ষেত্রে জাতিসংঘের সমর্থন ও সহযোগিতার ভূয়সী প্রশংসা

করেন। বাংলাদেশের বিভিন্ন আর্থসামাজিক ও অবকাঠামোগত উন্নয়নে জাতিসংঘের দৃশ্যমান ভূমিকার জন্য কৃতজ্ঞতা স্বীকার করে মন্ত্রী আশাবাদ ব্যক্ত করেন; অদূর ভবিষ্যতে এই সহযোগিতা ও দ্বিপক্ষীয় অংশীদারত্ব আরও গভীর, সুসংহত ও বেগবান হবে। জবাবে জাতিসংঘের এই প্রতিনিধি বলেন, জাতিসংঘ বাংলাদেশের সার্বিক উন্নয়ন, সমৃদ্ধি ও জনগণের কল্যাণে অংশীদার হিসেবে নিরবচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে। প্রতিনিধি বাংলাদেশের সঙ্গে জাতিসংঘের বিদ্যমান সম্পর্ককে আরও বিস্তৃত ও কার্যকর করার কৌশলগত ক্ষেত্রগুলো চিহ্নিত করতে মন্ত্রীর মূল্যবান মতামত ও পরামর্শ জ্ঞানতে চান। এ সময় মন্ত্রী বাংলাদেশের টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনের লক্ষ্যমাত্রাসমূহ সময়মতো বাস্তবায়নে জাতিসংঘের সর্বাঙ্গিক ও নিবিড় সহযোগিতা কামনা করেন। স্বরাষ্ট্রমন্ত্রী উল্লেখ করেন, বাংলাদেশ জাতিসংঘ শান্তি রক্ষা মিশনে শান্তিরক্ষী প্রেরণকারী বিশ্বের অন্যতম শীর্ষস্থানীয় দেশ হিসেবে আন্তর্জাতিকভাবে সমাদৃত। জাতিসংঘের বিভিন্ন শান্তি রক্ষা মিশনে বাংলাদেশে সেনাবাহিনীর পাশাপাশি বাংলাদেশ পুলিশের বিপুলসংখ্যক সদস্য অত্যন্ত নিষ্ঠা ও পেশাদারির সঙ্গে দায়িত্ব পালন করছেন, যা বৈশ্বিক পরিমণ্ডলে দেশের ভাবমূর্তি ও মর্যাদা উজ্জ্বল করেছে। রোহিঙ্গা সংকটের কথা উল্লেখ করে মন্ত্রী বলেন, জাতিসংঘ গুরু থেকেই রোহিঙ্গা ইস্যুটিকে বিশ্বশৃঙ্খলায়নের মাঝেমাগের কেন্দ্রে রেখেছে, যা অত্যন্ত প্রশংসার যোগ্য এবং আশাব্যক্ত। তিনি দৃঢ়তার সঙ্গে বলেন, ‘বাংলাদেশে সর্বদা শান্তিপূর্ণ, মর্যাদাপূর্ণ ও টেকসই অভিবাসনে বিশ্বাসী। তবে রোহিঙ্গা সংকট বর্তমানে একটি জটিল ও স্পন্দনকারী ইস্যুতে পরিণত হয়েছে, যা আমাদের জাতীয় নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ।’

পতিত শ্রৈরাচারের সঙ্গে

সঙ্গে মিল দেখা যায়। গোপনে তাদের সঙ্গে যোগাযোগও রয়েছে। এসব যত্বস্বকরীসঙ্গে বিরুদ্ধে সজাগ দৃষ্টি রাখার আহ্বান জানান তিনি। শনিবার (২৩ মে) দুপুরে ময়মনসিংহের ত্রিশাল উপজেলার বইলরে চার কিলোমিটার দীর্ঘ ধারার খালে উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। ময়মনসিংহের ত্রিশাল থানার বংসদ সদস্য ডা. মাহবুবুর রহমান লিটনের সভাপতিত্বে এতে আরও বক্তব্য দেন দুর্গেণা ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী আনাদুল হাবিব দুলু, প্রতিমন্ত্রী এম ইকবাল হোসেন। অনুষ্ঠান সম্বলননা করেন ময়মনসিংহ জেলা বিএনপির যুগ্ম আহাযক ও ত্রিশাল উপজেলা বিএনপির সভাপতি আহারক এনামুল হক ভূঁইয়া। প্রধানমন্ত্রী বলেন, জনগণ ১২ ক্ষেত্রম্যারির নির্বাচনে বিএনপিকে বিজয়ী করার পর আমাদের প্রতিশ্রুতি অনুযায়ী পরিবারের সুবিধার জন্য ফ্যামিলি কার্ড, কৃষকের সুবিধার জন্য কৃষি কার্ড, কোমলমতি শিশুদের জন্য স্কুল ব্যাগ, পোশাক, খাবার, মর্সজিদের ইমামদের জন্য ভাতা কার্যক্রম শুরু করেছে। সম্প্রতি রামিঙ্গা হত্যার ঘটনা উল্লেখ করে তিনি বলেন, আইনে যে অনুরোধী তার শান্তি নিশ্চিত করতে আমরা ব্যবধপিকর। এ ব্যাপারে এক্ষেত্র ছাড় দেওয়া হবে না। তবে আইনেরও নিয়ম-নীতিমালা আছে। এর বাইরে যাওয়ার সুযোগ নেই। কিন্তু একটি শ্রেণি এই বিষয়ে ইস্যু তৈরি করে অরাঞ্জগতা সৃষ্টি করতে চায়। কিন্তু তারা জনগণের তথ্য উল্লানে কোনো কথা বলে না। তারেক রহমান আরও বলেন, বিএনপির সরকার গঠন করায় তাদের খালা বরোছে। অন্তর্বর্তী সরকারের সময় যেসব ঘটনা ঘটেছে আপনারা তাদের সেসব বিষয়ে কিছু বরাতে দেখেছেন? প্রতিবাদ করতে দেখেছেন? দেখেননি। কারণ তারা বিএনপি সরকারের উন্নয়ন পরিকল্পনা ন্যায্য করতে চায়। বিএনপির সরকারের উন্নয়ন পরিকল্পনা নষ্ট হলে জনগণের ক্ষতি হবে। আপনাদের ক্ষতি। তাই এদের আপনাদেরও প্রতিহত করতে হবে। বিএনপি সরকার কর্মমুখী শিক্ষাকে গুরুত্ব দিয়ে সারা দেশে জেবেশনাল শিক্ষাকে গুরুত্ব দিচ্ছে। যাতে আগামী এজন্ম কর্মমুখী হয়ে গড়ে উঠতে পারে। এর আগে দুপুর ২টার মূলধধারে বৃষ্টির মধ্যে অনুষ্ঠানস্থানে এসে পৌঁছলে সৃষ্টি মধ্যায় নিয়ে যুগ্ম খনন কর্মসূচি ফলদায়ক উদ্বোধনে এসে খালে নেমে শ্রমিকদের সঙ্গে নিজে মাটি কাটার সম্প্রদায় করেন। এ সময় হাজারো জনতা প্রধানমন্ত্রীর এই সরলতা দেখে বিভিন্ন গোপানি দিতে থাকে।

ঈদে বড় ধরনের দুর্ঘটনার

স্পিড বেকারও দ্রুতগতির গাড়িও মোটরসাইকেল দুর্ঘটনার মাত্রা বৃদ্ধি করে। পুলিশের কার্যকরী পদক্ষেপের অভাব; হাইওয়ে পুলিশ বলছে তাদের পর্যাপ্ত লোকবল ও যথুষ্টির স্বল্পতার জন্য তারা কার্যকরী উদ্যোগ গ্রহণে ব্যর্থ হচ্ছেন। এই মহাসড়কে চলাচলকারী প্রত্যেকদর্শী সুরে জানা যায়, দুর্গপাল্লার বাসের মধ্যে সাকুরা, হানিফ, লাবিবা, শ্যামলীসহ বরিশালের আরো দক্ষিণাঞ্চল থেকে আসা বাসগুলো বরিশালের গড়িয়াপাড়ার পার হয়েই তাদের বেপরোয়া গতির তাওনত্যা শুরু করে। বিশেষ করে সাকুরা গাড়ির চালকদের প্রতিযোগিতা ও বেপরোয়া ওভারটেকিংয়ের কারণে পথচারী, মোটরসাইকেল আরোহী ও অন্যান্য হোটোপাড়ার চালক ও যাত্রীরা অত্যন্ত ভীতসন্ত্রস্ত থাকেন। এর মধ্যে লন্টি মাসের শুরুতে জায়গী পাশাপাশি এখন হানিফ, লাবিবা, শ্যামলী, বিএমএফ, ফোরামারা, বাউফল সকলেই বেপরোয়া হয়ে উঠছে। বধু তাই নয়, অখ্যাত গাড়িগুলো যাত্রী ওঠানোর জন্য যেখানে সেখানে মধ্য-তখন সিগন্যাল ছাড়াই থেমে পড়ে। তাদের সাথে মড়ার ওপর খাড়ার খা হয়ে দাঁড়িয়েছে তিনচাকার গতিমানব মালিষ্টা। তারা মহড়কের মাঝখানে দিয়ে বেপরোয়া গতিতে চলাচল করে এবং জরাজংবালী ওঠানো করায়। যার কারণে অহরহ ঘটেছে দুর্ঘটনা। প্রায়শই বরিশাল থেকে মোটরসাইকেলে গৌরনদী যাতায়াত করেন এমন একজন রফাসন। তিনি জানান, বিগত তিন মাসের মধ্যে বায়ুগুঞ্জের রাকুদিয়া নতুনহাট থেকে উজিরপুরের জয়ধী পর্যন্ত তিনি বস্তুত ৬ জনের রক্তাক্ত লাশ পড়ে থাকতে দেখেছেন। এর মধ্যে লন্টি মাসের শুরুত্ব দিকে জায়গী এলাকায় পুলিশের চেম্বেরস্টে থাকিয়ে বেপরোয়া হানিফ গাড়ি পথচারি দানি-নানতিকে রাস্তায় পিশে দেয়। এমনকি, এই রিপোর্ট পিছে দিয়ে সময়ও খরচ পাওয়া যায় ভালো এলাকায় এক পথচারিকে পিশে দেয় গেছে বেপরোয়া গতিবি কোনো দুর্গপাল্লার বাস। প্রত্যক্ষদর্শীরা জানান, রাস্তার বিভিন্ন পর্যেট যেনন, রাকুদিয়া নতুন হাট, ইচ্চালদি টোল এলাকা, আটিপাড়া, বারোজোড়, গৌরনদী, টংকী, ভূবঘাটা, মোস্তফাপুরসহ বিভিন্ন এলাকায় পুলিশ টিম থাকলেও কার্যত কোনো প্রভাব ফেলছে না, মহাসড়কেরে সৃষ্ট ব্যবস্থাপনায়। অনেকের অভিযোগে, কিছু কিছু পুলিশ সদস্য বেবল ট্রাক ধরে নিজেদের নির্ধারিত চাঁদা আদায় ও চাঁদা নির্ধারণে ব্যস্ত থাকেন। এই সড়কে চলাচলকারী মহিষ্টা চালকরা জানান, তাদের গাড়ির সামনে বিভিন্ন ট্রাফিক এলাকার টিকটার লাগানো থাকে। ওই টিকটার মতে তারা সংশ্লিষ্ট ট্রাফিক পুলিশকে মাসিক চাঁদা প্রদান করেন। এটাই তাদের কট পারমিট। পুলিশকে চাঁদা না দিয়ে তারা সড়কে চলাচল করতে পারেন না। ট্রাক ও কন্ডার্ত ভান চালকদেরও একই নিয়ম বলে জানা যায়। মহাসড়কের আরেক ভয়ানক প্রাণঘাতী খেলায় মেতে ওঠে কিশোর-তরুণ মোটরসাইকেল চালকরাে। জানা যায়, তারা লুকিগ্রাস খুলে রেখে অত্যন্ত বেপরোয়া গতিতে পছন্দে আরো ২/৩জনকে বসিয়ে মোটরসাইকেলে চলাচল। ওই সড়কে নীর্দীন মোটরসাইকেল চালানো শাহীন নামের এক চালকরাজীবী জানেন, তিনি বিগত ছয়মাসের মধ্যে বেপরোয়া মোটরসাইকেল চালানো কিশোরদের অত্যন্ত করুণ পরিণতি দেখেছেন। এই সময়ে কমপক্ষে দশ জনের প্রাণহানি ঘটেছে বলে জানান তিনি। তার মধ্যে এই মহাসড়কের পাশে বাটাডোরে, মাহিলাড়া, গৌরনদী, ভূবঘাটা এলাকায় দোকানপাট ও হাটারাজার বসায় যে কোনো সময় পূর্বের ন্যায় আবারো বড়ো ধরনের দুর্ঘটনা ঘটার আশঙ্কা রয়েছে। অতিক্ষত ও সব বাসের অপসারণের দাবি জানান তিনি।

বাজার অপসারণ ও অন্যান্য সমস্যার বিষয়ে গৌরনদী হাইওয়ে পুলিশের অফিসার ইনচার্জ মোহসিন মোল্লা জানান, অতিক্ষত তারা এ বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করছেন। কোরবানির ঈদ উপলক্ষে্যে তাদের ৩২ কিলোমিটার উচ্চল এলাকার মধ্যে আরো চারটি টিম বাড়ানো হবে বলেও তিনি জানান। মাদারিপুর রিজিওনের হাইওয়ে পুলিশের সহকারী পুলিশ সুপার সাইফুল ইসলাম জানান, প্রতিনিয়ত আমরা বিষয়গুলো মনিটরিং করছি। দৌষীদের বিরুদ্ধে আমরা শত শত মালিষ্টা দিছি। কিন্তু চালকদের অপসারণ করারগে কোনো কিছুই কার্যকর হচ্ছে না। মাঝে মাঝে গাড়ি স্পিড ট্রিংকি করা হলেও তারা নির্দিষ্ট স্থানে ক্যামেরা ফাঁকি দিয়ে আবার বেপরোয়া হয়ে ওঠে বলেও স্বীকার করেন তিনি। এ বিষয়ে, হাইওয়ে পুলিশের লোকবলের অভাব ও প্রযুক্তির অগ্রভূততাকে আপাতত দায়ী করছেন পুলিশের এই কর্মকর্তা। তবে বর্তমান সরকারকে এ সব বিষয়ে প্রতিনিয়ত অগ্রহিত করছেন বলেও তিনি দাবি করেন। খুব শিউই এ সকল সমস্যার সমাধান হবে বলেও আশা করেন তিনি। আর এই মহাসড়কে ও চলাচলকারী যাত্রীসাধারণের আশা, পুলিশ সড়কে নিরব দর্শক ও ক্ষেত্রবিশেষে চাঁদাবাজি না করে সমস্যাসহ ত্রিচ্ছক করে দুর্শমান কিছু কার্যকরী ভূমিকা পালন করবেন। না হলে, বরিশাল-ভাঙ্গা মহাসড়কে মৃত্যুর মিছিল ধীরে ধীরে বড়ো হতেই থাকবে। আসন্ন ঈদে গাড়িও সড়ককে নিরাপদ করতে রূপান্তরার বাসগেলার বেপরোয়া গতি ও বিপজ্জনক ওভারটেকিং বন্ধে আইনশৃঙ্খলা রক্ষাকারীবাহিনী আরো বেশি কঠোর পদক্ষেপ আশা করছেন সচেতনমহল।

কোরবানিকে সামনে রেখে বরিশালে

পাড়া। আঙনের শিখায় তাপ দেয়া হাতড়ি পেটানোর শব্দে তৈরি হচ্ছে দা-বটি, চাপাতি ও ছুরিসহ নানা সরঞ্জাম। কামারদের সঙ্গে আলাপকালে বলেন, কোরবানির ঈদ উপলক্ষে কয়লার দাম বেড়েছে। পাশাপাশি বর্তমানে কয়লার সংকট থাকায় কাজে হীরগতি দেখা দিয়েছে। আগে এক বস্তা কয়লা ১ হাজার ২০০ টাকা কেনা গেলেও এখন তা ১ হাজার ৮০০ থেকে ২ হাজার ১০০ টাকা দিয়ে কিনতে হচ্ছে। তাই গত বছরের তুলনায় দাম কিছুটা বেশি। আর কোরবানির দু-এক দিন আগে চাপ আরো বাড়বে বলে জানান তারা। এ বিষয়ে কারিগর রতন কর্মকার বলেন, এখন কাজ তো অনেক বেশি। সারাদিন আঙনের সামনে বসে থাকতে হয়। কিন্তু বিক্রি এখনও তেমন শুরু হয় নাই। মানুষ শেষ সময়েই বেশি কিনে। কারিগর রিপন ও সালাম আক্ষেপের সুরে বলেন, লোহার দাম বাড়ছে, কয়লার দাম বাড়ছে, কিন্তু আমরা জিনিসের দাম সেইভাবে বাড়াইতে পারি না। বেশি দাম চাওয়া হলে মানুষ অন্য জায়গায় চলে যায়। লাভ কম হলেও কাজ তো বন্ধ রাখা যাবে না। বরিশাল নগরীর অন্যতম পুরাতন মার্কেট হাটখোলায় এখন কামারদের দোকান গুলোতে সন্তান করে না, চাপাতি তৈরি করতে আসছেন অনেকে। অনেকে আবার পুরাতন মালামাল নতুন করে শান দিচ্ছেন। এতে তাদের খরচ হচ্ছে ১৫০-৫০০ টাকা পর্যন্ত। এছাড়া হাটখোলা এলাকার বিভিন্ন দোকানো কাটারী-৪০০-৫০০, চাপাতি আকার ভেদে ৬০০ থেকে ১ হাজার, কোপা (হেলি) প্রতি পিচ ৪৫০-৫৫০, চামড়া ছাড়ানোর ছুড়ি ২০০-৫০০ লোহার মানদেশে একটি দা ৪০০ থেকে ৭০০, চামড়া ছাড়ানোর ছুরি ২০০ থেকে ৩৫০, পুজু জবাইয়ের বিশেষ ছুরি ৮০০ থেকে ৩ হাজার, কুড়াল ৬০০ থেকে ১ হাজার ১০০, বটি ৫০০ থেকে ১ হাজার ২০০ টাকা। ব্যক্তি হচ্ছে? পুজু জবাই ক্রাসাহ বিভিন্ন সরঞ্জামাদি তৈরি ও শান দিতে আসা ব্যক্তিরা বলছেন, কুরবানির বাকি আর অল্প কয়েকদিন তাই আগেভাগেই এসেছেন তারা। দিন যত যাবে দাম ততই বাড়বে। তারপরও গত বছরের তুলনায় এবছর দাম বেশি চাওয়া হচ্ছে বলে দাবি ক্ষেতাদের। এ বিষয়ে কোরবানির পুজু জবাইয়ের জন্য চাপাতি মেরামত করতে আসা আব্দুল আজিজ মিয়া বলেন, আগের চেয়ে ৪০-৫০ টাকা বেশি চাচ্ছে। কয়লার দাম বাড়ায় তারা একটু বেশি নিচ্ছে। আমজাত হোসাইন নামে আরেকজন বলেন, এবার একটু আগে ভাগেই এসেছি। কোরবানির প্রস্তুতি প্রায় শেষ। মাংস কাটার সরঞ্জাম গুছিয়ে রাখছি। পরে দাম বাড়়ে, তাই আগেই তিনি মেরামতের কাজ সেরে নিয়েছেন।

মেহেন্দিগঞ্জে চোরাই

সক্ষম হন। ওঁসি তদন্ত সংবাদ মাধ্যমকে জানান, কোরবানির ঈদকে সামনে রেখে দেশের বিভিন্ন এলাকা থেকে চুরি হওয়া গুরু বিভিন্ন উদ্দেশ্যে দড়িচর খাজুরিয়া ইউনিয়নে মজুত করা হয়েছে। এমন সংবাদের ভিত্তিতে মেহেন্দিগঞ্জ থানা অফিসার ইনচার্জ মোঃ মমিন উদ্দিনের নির্দেশনায় তারা এই অভিযান পরিচালনা করেন। এখানে আরো ৫০ এর অধিক চোরাই গুরু বিভিন্ন ব্যক্তির ব্যক্তিগত গোয়াল গুরে লুকিয়ে রাখা হয়েছে বলে একটি সূত্র জানিয়েছে। এছাড়াও উপজেলার চরএককরিয়া ইউনিয়নের চোয়ারম্যান আঃ মকিম তালুকদারের ইট ভাটা সংলগ্ন দাদপুর চরে স্থানীয় একটি দোকানদারী গুরু চোর সিদ্দিকের বৈশ কিছু চোরাই গুরু আসন্ন কুরবানির ঈদে বিক্রির জন্য মজুত রেখেছে বলে স্থানীয় একটি সূত্র জানিয়েছে। উল্লেখ্য গত কয়েকমাস আগে দাদপুরের এ চর থেকে ৭টা চোরাই গুরু উদ্ধার ও ১জনকে আটক করছিল মেহেন্দিগঞ্জ থানা পুলিশ। তবে গুরু চোর চক্রের মূল হোতারা অধরাই রয়ে যায়।

রাফিসাসহ সকল শিশুর

বাহার মিয়া, মিল্লাত হোসেন,ও মোঃমোশলেউদ্দিন রানা প্রমুখ। বঙ্গভাগ শিশু রাফিসাকে ধর্ষনের পর হত্যা করার মূল খলনায়ক দ্রুত আটক করার সরকারকে ধন্যবাদ জানালেও তার দ্রুত শাস্তি বাস্তবায়ন করার দাবী জানান। একই সাথে বিগত সময় থেকে যে সব হত্যার ঘটনার সাথে জড়িত সকল হত্যাকারী শাস্তি নিশ্চিত করার ও দাবী তোলা হয়। উল্লেখ্য এসো দাবী আদ্যার পক্ষে একটি বৈশ্বরকারী সামাজিক সংগঠন প্রবাসী গিয়াসউদ্দিন আল মাহান সংগঠনটি প্রতিষ্ঠা করলেও সহানীয় বয় সমাজ,মাদক,জুয়া,দুর্গমপান,ল্যাবরিবাহ ধর্ষন বর্দ্ধে সামাজিক ভাবে জন সচেতনামূলকভাবে কাজ যাচ্ছেন একই সাথে সমাজে অসংযয় গরীবদের আর্থিক ভাবে সহযোগিতা করে এবং সচেতনতামূলক কাজ করে প্রশংসা কুড়িয়েছেন।

এক বান্ধবিকে বাঁচাতে গিয়ে পুকুরে

তারের জুতা দেখতে পয়ে সন্দেহ হলে স্থানীয়দের সহায়তায় পুকুরে তল্লাশি চালিয়ে দুই শিশুকে উদ্ধার করা হয়। দ্রুত তাদের পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে কত্বব্যরত চিকিৎসক দুজনকেই মৃৎ ঘোষণা করেন। দুই শিশুর এমন করুণ মৃত্যুতে পুরো এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। স্বজনদের আচার্যিতে ভারী হয়ে ওঠে হাসপাতাল ও নিহতদের বাড়ির পরিবেশ। নিহত লামিয়ার বাবা জাকির হোসেন বলেন, আমার মেয়ে মীতারা ভাতা। হহতো সেফা পানিতে পরে গিয়েছিল, ওরে বাঁচাতে গিয়া আমার মেয়েও ডুবে গেছে। এবপর হাসপাতালে নেওয়ার আগেই ওরা মারা গেছে। এটা দুইই মেয়ে এক ছেলে। এর মধ্যে এখন একজনই এই আবে বেয়েই কাল্য। থামাতে পারি না। পটুয়াখালী সদর থানার ভায়াগ্রাফ কর্মকর্তা (ওঁসি) মো. মনিরুজ্জামান বলেন, এ বিষয়ে পরিবারের কোনো অভিযোগ দেওয়া হয়নি। পরিবারের পক্ষ থেকে অভিযোগ পেলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

সরকার জনবিচ্ছিন্ন হয়ে ফ্যাসিবাদের

গঠনের দুই মাসের মধ্যেই সরকার জনবিচ্ছিন্ন হয়ে পড়ছে।’ তিনি বলেন, ‘‘সরকারের আসার আগে জনগণকে কাজ যে ওয়াদা করেছে একে একে সেগুলো পদদলিত করে একদলীয় ফ্যাসিবাদের দিকে আগুচ্ছে। আওয়ামী ফ্যাসিবাদী শাসন ব্যবস্থায় যে সংবিধান তৈরি হয়েছে এর মাধ্যমে ফ্যাসিবাদের জন্ম দিচ্ছে, বিএনপি সেই সংবিধান রক্ষার জন্য উঠে পড়ে পোচ্ছে।’’ সেক্রেটারি জেনারেল বলেন, ‘‘সাংবিধানিক পথসমূহ জলুমেহে হাতিয়ারে পরিণত হচ্ছে, প্রধানমন্ত্রী হতে অসীম ক্ষমতা দেওয়া রয়েছে। এর মাধ্যমে কখনই ভারসাম্যপূর্ণ সরকার ব্যবস্থা গড়ে উঠতে পারে না। ন্যায়বিচার প্রতিষ্ঠার জন্য ছাত্র-যুবক রাস্তায় জীবন দিয়ে হাসিনা সরকারের মত একটি সরকারকে ক্ষমতা ছাড়তে এবং দেশ ছেড়ে পালাতে বাধ্য করেছে সেই ছাত্র জনতার গণদাবি ক্ষমতায় বসেই বৃদ্ধাঙ্গুলি দেখাচ্ছে।’’ তিনি বলেন, ‘‘প্রধানমন্ত্রীর হাতে সাংবিধানিক পথ সমূহের কন্ট্রূত থাকলে এখানে নিয়োগ হবে দলীয় ভিত্তিতে এবং জনগণ এর সুফল পাবে না। ছাত্র জনতার ‘উই ওয়ান্ট জাস্টিস’ বলে গুলির সামনে বুক পেতে দেওয়ার যে আকাঙ্ক্ষা নিয়ে বাস্তবায়িত হয়েছিল সে আকাঙ্ক্ষা পদদলিত হচ্ছে।’’ তিনি আরও বলেন, ‘‘৩৩ টি রাজনৈতিক দল দীর্ঘ আলোচনা করে ঐক্যবদ্ধ হয়ে জুলাই সন্দ-এর ব্যাপারে সিদ্ধান্ত নিল এবং জাতীয় সংসদের দক্ষিণ গ্লাজায় জুলাই স্মারক অনুমোদিত হল। ৮৪টা বিষয়ে সকল রাজনৈতিক দল একমত হল যে, সংবিধান সংশোধনের জন্য রষ্ট্রপতির প্রজ্ঞাপন দিবে। সংবিধান সংশোধনের জন্য রষ্ট্রপতি ২৫ সালের ১৩ নভেম্বর গণভোটে ও জাতীয় নির্বাচন একই দিনে হবে বলে প্রঙ্গাপন দিল, যদিও আমরা গণভোটে আগে হওয়ার ব্যাপারে দৃঢ় প্রতিজ্ঞ ছিলাম কিন্তু জনগণের বৃহত্তর স্বার্থে আমরা কোন ভোট এবং জাতীয় নির্বাচন একই দিনে হওয়াটা নিয়ে নিলাম। বিএনপির দাবির প্রেক্ষিতে গণভোটে ও জাতীয় নির্বাচন একই দিনে হলো এবং এর ফলাফল জনগণ দেখতে পাচ্ছে। গনভোট আগে হলে,পরিষ্কৃত ঐমন হতো না।’’ মিয়া গোলাম পরওয়ার বলেন, ‘‘বাংলাদেশ জামায়াতে ইসলামী

